চুয়াডাঙ্গায় ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা

চুয়াডাঙ্গায় ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা উদ্বোধন করা হয়েছে। ধর্ম যার যার রাষ্ট্র সবার প্রতিপাদ্যে চুয়াডাঙ্গা সদর থানাধীন মডেল মসজিদ হল রুমে ইসলামিক ফাউন্ডেশনের নিজস্ব মিলনায়তনে ধর্মীয় সম্প্রীতি ও সচেতনতামূলক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার শুভ উদ্বোধন করা হয়েছে।

বুধবার চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) আরাফাত রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন, বাংলাদেশের সংবিধানে অসাম্প্রদায়িক দেশের কথা বলা হয়েছে। আমরা অসাম্প্রদায়িক বাংলাদেশ গড়তে কাজ করে যাচ্ছি। আমরা যে যে ধর্মের মানুষই হইনা কেন আমাদের কতিপয় দায়িত্ব কর্তব্য রয়েছে। আমরা সমাজবদ্ধভাবে সামাজিক জীব হিসেবে এক সাথে কাজ করতে চাই দেশের উন্নয়নে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন। আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা প্রেসক্লাব সভাপতি সরদার আল আমিন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা হিন্দু বৌদ্ধ ঐক্য পরিষদের সভাপতি মার্টিন হিরোক, চুয়াডাঙ্গা নিউ মার্কেট জামে মসজিদের পেশ ইমাম জুনাইদ আল হাবিব সহ শতাধিক সকল ধর্মাবলম্বী নেতৃস্থানীয় সদস্যবৃন্দ, প্রিন্ট এবং ইলেকট্রনিকস মিডিয়ার সদস্যবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ।

চুয়াডাঙ্গা সরকারি কলেজে শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত

ঐতিহ্যবাহী চুয়াডাঙ্গা জেলার সবথেকে শিক্ষাপ্রতিষ্ঠান চুয়াডাঙ্গা সরকারি কলেজে ২০২২-২৩ শিক্ষাবর্ষের একাদশ দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীদের নবীন বরণ অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা সরকারি কলেজে বুধবার সকাল সাড়ে দশটার সময় শিক্ষার্থীদের পদচারণায় মুখরিত হয় চুয়াডাঙ্গা সরকারি কলেজ প্রঙ্গন। চুয়াডাঙ্গা সরকারি কলেজে মোট ১৬টি বিভাগ রয়েছে। সকাল হতে নতুন রুপে সাজতে শুরু চুয়াডাঙ্গা কলেজের প্রতিটি বিভাগ।

নবীনরা উৎফুল্ল চিত্তে প্রথম ক্লাসের উদ্দেশ্যে আসে। সবার মাঝে নব ক্যাম্পাসের উচ্ছ্বাস ও উদ্দীপনা ছিল দেখার মতো। চুয়াডাঙ্গা সরকারি কলেজের সামনে আসতেই বিশাল সুদর্শন গেইট দেখে কয়েকবার চোখ না বুলিয়ে ও ছবি তুলতে ব্যস্ত সবাই। প্রতিটি শিক্ষার্থী পরিপাটিরূপে ও কলেজে নির্ধারণ ইউনিফর্ম তো ছিল।

২০২২-২৩ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির নবীন শিক্ষার্থী মোছাঃ সাদিয়া খাতুন বলেন, একাদশ শ্রেণির ওয়ারেন্টেশন ক্লাসে এসে আমার খুবই ভাল লাগছে। যা সারাজীবন মনে থাকার মতো। তাছাড়া শিক্ষকদের আন্তরিকতা দেখে আমি মুগ্ধ হয়েছি।

নবীন ছাত্রদের উদ্দেশ্য চুয়াডাঙ্গা সরকারি কলেজ অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ বলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ দক্ষিণ পশ্চিম অঞ্চলের সবথেকে ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। চুয়াডাঙ্গা সরকারি কলেজের সুনাম যুগ যুগ ধরে চলে আসছে। আমি আশা করি তোমরাও চুয়াডাঙ্গা সরকারি কলেজের এ সুনাম ধরে রাখবে।

তাছাড়া ওরিয়েন্টেশনে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের উপাধ্যক্ষ প্রফেসর রেজাউল করিম, চুয়াডাঙ্গা সরকারি কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক মোঃ শফিকুল ইসলাম, বাংলা বিভাগীয় প্রধান ড. আব্দুল আজিজ, সহযোগী অধ্যাপক জাহিদুল হাসান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগীয় প্রধান মতিয়ার রহমান, অর্থনীতি বিভাগীয় প্রধান আব্দুল ওয়াদুদ, হিসাববিজ্ঞান বিভাগীয় প্রধান আবুল কালাম, সহযোগী

অধ্যাপক আবু বক্কর, দেলোয়ার রহমান,মারুফা ইয়াছমিন, আজিম হোসেন সহ শিক্ষক পরিষদের শিক্ষক বৃন্দ।

দামুড়হুদা দলিল লেখক মিয়াজানের মাগফেরাত কামনায় দোয়া মাহফিল

দামুড়হুদা সাব রেজিস্ট্রী অফিসের দলিল লেখক মিয়াজান আলীর রুহের মাগফেরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে দামুড়হুদা সাব রেজিস্ট্রী অফিস চত্তরে দলিল লেখক সংগঠনের পক্ষ থেকে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

দামুড়হুদা উপজেলা দলিল লেখক সমিতির সভাপতি সিরাজুল ইসলামের সভাপতিত্বে দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন দলিল লেখক সমিতির সহসভাপতি হারুন অন রশিদ, বরকত আলী, সাধারণ সম্পাদক রেজাউল করিম, যুগ্ম সম্পাদক মোমিনুল ইসলাম মনির, নুর আলম লাভলু, সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম তোতা, অর্থ সম্পাদক শমশের আলী, দফতর সম্পাদক আনোয়ার হোসেন, প্রচার সম্পাদক তাহাজুল হক, নির্বাহী সদস্য ইউসুফ আলী খান ইছা মেম্বার, উসমান আলী, আবু সাইদ, বুলু মেম্বার, বখতিয়ার হোসেন বকুল, জুলফিকার আলম, মুনছুর আলী, আলম ও সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা জমির উদ্দিন, নিহত দলিল লেখক মিয়া জানের ছেলে আরিফুল ইসলামসহ সকল দলিল লেখকবৃন্দ।

দোয়া পরিচালনা করেন পুরাতন বাস্তুপুর জামে মসজিদের ইমাম মুফতি ইসমাইল হোসেন। উল্লেখ্য, গত সোমবার রাত সাড়ে ১১ টার দিকে আকর্স্মিক ঘুমের মধ্যে স্ট্রোক করে নিজ বাড়িতে ইন্তেকাল করেন।

প্রবীণ সাংবাদিক আজাদ মালিতার জন্মদিন আজ

আজ ১ ফেব্রুয়ারী বুধবার ২০২৩ইং। চুয়াডাঙ্গার প্রবীণ ও প্রথিতযশা সাংবাদিক ‘আজাদ মালিতা’র ৭৪-তম জন্মদিন। ৭৩ বছর আগে ১৯৫০ সালের এই দিনে চুয়াডাঙ্গা শহরের রেলপাড়ার আব্দুল রহিম মল্লিক-এর (দাদীর নানা) বাড়ী জন্মগ্রহণ করেন।

দৈনিক পশ্চিমাঞ্চল সম্পাদক-প্রকাশক আজাদ মালিতা প্রকৃতার্থে দামুড়হুদা উপজেলার গোপলপুর গ্রামের সম্ভ্রান্ত মালিতা পরিবারের জেহের আলী মালিতা-হাজেরা খাতুনের দৌহিত্র ও হাবিবুল জান্নাত মালিতা (মঙ্গল মিঞা)-জাহানারা খাতুনের দ্বিতীয় পুত্র।

আমরা আমাদের শ্রদ্ধেয় পিতা আজাদ মালিতার শারীরিক সুস্থ্যতা ও দীর্ঘায়ু কামনায় পাঠক, গুণগ্রাহী, শুভাকাঙ্খী, আত্মীয়-স্বজন ও চুয়াডাঙ্গাবাসীসহ দেশ-বিদেশের সকলের নিকট দো’আ প্রার্থনা করেছেন পুত্র রুবাইত-বিন-আজাদ (সুস্থির) ও কন্যা আফসানা আইরিন।

আলমডাঙ্গায় ২ মাসেও সন্ধান মেলেনি নিখোঁজ মাদ্রাসা ছাত্রীর

আলমডাঙ্গার নতিডাঙ্গায় বিথী খাতুন (১৪) নামে এক মাদরাসা ছাত্রী নিখোঁজের পর ২ মাস হলেও এখনো সন্ধান মেলেনি। নিখোঁজ বিথী খাতুন উপজেলার নতিডাঙ্গা মাদ্রাসার ৭ম শ্রেণির ছাত্রী এবং আবাসন এলাকার বাদাম বিক্রেতা সামসুল ওরফে কালুর মেয়ে।

গত ১৯ শে ডিসেম্বর মাঠে ঘাস কাটতে যাওয়ার উদ্দেশে বের হয়ে সে আর ঘরে ফেরেনি। নিখোঁজের তিনদিন পর পরিবারের পক্ষ থেকে আলমডাঙ্গা থানায় ডায়েরি করা হয়।

পরিবার ও থানা সূত্র জানায়, আলমডাঙ্গা উপজেলার বাড়াদি ইউনিয়নের নতিডাঙ্গায় আবাসনে দিনমজুর কালুর পরিবার। সংসারের অভাব অনটনের মধ্যেও বাদাম বিক্রি করে তার মেয়ে বিথী খাতুনকে মাদ্রাসায় লেখাপড়া করায়।

গত ১৯শে ডিসেম্বর দিনমজুর কালুর মেয়ে বিথী খাতুন বাড়ির ছাগলের জন্য দুপুর ১২ টায় মাঠে ঘাস আনতে যায়। দুপুরে গিয়ে বিকেল হলেও সে বাড়িতে ফিরে আসেনি। পরিবারের লোকজন এলাকাবাসী বিথীকে খুঁজতে বের হয়।

দুই দিন যাবৎ মাঠের বিভিন্ন অঞ্চলে গ্রামবাসীদের সহযোগীতায় খোঁজ তল্লাশি চালায়। কয়েক গ্রামে বিথীর সন্ধানে মাইকিং করে। তারপরও কোন সন্ধান মেলেনি বিথীর। নিখোঁজের তিনদিন পর পরিবারের পক্ষ থেকে আলমডাঙ্গা থানায় সাধারণ ডাইরী করা হয়। গত ২ মাস পার হলেও বিথীর কোন সন্ধান না পেয়ে হতাশায় ভুগছে পরিবার। সন্ধানে স্বজনরা আইন-শৃঙ্খলা বাহিনীর সহযোগিতা কামনা করেছেন।

নিখোঁজ বিথীর পিতা সামসুল ইসলাম কালু জানান, প্রতিদিনের মতো গত ১৯ শে ডিসেম্বর দুপুরে বিথী মাঠে ছাগলের জন্য ঘাস আনতে যায়। দুপুর পেরিয়ে বিকেল হলেও তার কোন সন্ধান না পেয়ে মাঠে খোঁজ তল্লাশি করা হয়। খুঁজে না পেয়ে আলমডাঙ্গা থানায় সাধারণ ডাইরী করা হয়েছে। গত ২ মাস অতিবাহিত হলেও মেয়েটি জীবিত আছে কিনা আইনশৃঙ্খলা বাহিনীর খোজঁ করতে অনুরোধ জানান।

এ বিষয়ে আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম জানান, নিখোঁজ ডায়েরির পর থেকে পুলিশ বিথীকে উদ্ধারে তৎপর রয়েছে।

মহেশপুর বিজিবির অভিযান অবৈধভাবে সীমান্ত অতিক্রমকালে

আটক ১৩

মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এরঅধিনস্থ মাটিলা বিওপির টহল দল কর্তৃক মহেশপুর থানার বাশাবাড়ীয়া গ্রামের মাঠের মধ্যে (সীমান্ত পিলার- ৫৪/২-এস হতে আনুমানিক ৮০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে) ০৯ জন (পুরুষ-০৫, নারী- ০৩ এবং শিশু-০১) বাংলাদেশী নাগরিক অবৈধভাবে সীমান্ত অতিক্রমকালে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন,খুলনা জেলার রুপসা থানার রাজাপুর গ্রামের মোঃ সাকিব (২৩), পিতা- মোঃ শহিদুল, মোঃ আল আমিন হাওলাদার (৩৪), পিতা- শহিদুল,মোঃ আমিন হাওলাদার (১৯), পিতা- শহিদুল হাওলাদার,বাগেরহাট জেলার,মোড়লগঞ্জ থানার হামিদা বেগম (৫১), স্বামী- মৃত লুৎফর রহমান, মোঃ হাবিবুর রহমান মৃধা (২৯), পিতা- হারুন মৃধা,নড়াইল জেলার,কালিয়া থানার মোসাঃ হাসিনা বেগম (৩৪), পিতা- সাহেদ আলী মোল্লা,খুলনা জেলার রুপসা থানার, হাসান (২৪), পিতা- সোহেল, জোসনা সরদার (৩০), পিতা- জয়নাল সরদার,খুলনা জেলার তেরোঘাটা থানার সানিয়া (০২), পিতা- মোঃ মাসুদকে আটক করে ।

একই সাথে মঙ্গলবার রাতে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধিনস্থ মাটিলা বিওপির টহল দল মহেশপুর থানার মাটিলা গ্রামের মাঠের মধ্যে (সীমান্ত পিলার- ৫২/১৪-আর হতে আনুমানিক ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তর থেকে যশোর জেলার,কেশবপুর থানার, জাহিদুল ইসলাম (২৫), পিতা- বাবলু রহমান,সালমা খাতুন (১৯), স্বামী- জাহিদুল ইসলাম, সাতক্ষীরা জেলার,কলারোয়া থানার রুমা খাতুন (২৯), স্বপ্না বেগম ভারত হতে বাংলাদেশ প্রবেশ করার অপরাধে আটক করা হয়।

আটককৃত বাংলাদেশী নাগরিকদেরকে অবৈধভাবে সীমান্ত পারাপার/চেষ্টার অপরাধে পাসপোর্ট অধ্যাদেশ ১৯৭৩ এর ১১(১)(গ) ধারায় মহেশপুর থানায় মামলা দায়ের করা হয় এবং আটককৃত আসামীদের সোপর্দ করা হয়েছে।

দর্শনার ফুলবাড়ী সীমান্তে বিজিবির অভিযানে ৬টি ভারতীয় এয়ারগান উদ্ধার

দর্শনার ফুলবাড়ী সীমান্তে চোরাচালান বিরোধী অভিযান চালিয়েছে বিজিবি। এ অভিযানে ৬টি অত্যাধুনিক ভারতীয় এয়ারগান উদ্ধার করেছে। এসময় বিজিবির উপস্থিতি টেরপেয়ে পালিয়েছে চোরাকারবারী।

বিজিবি জানায়, বিশেষ সংবাদের ভিত্তিতে জানতে পেরে মঙ্গলবার সন্ধা সাড়ে ৬টার দিকে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানাধীন অন্তর্গত ফুলবাড়ী সীমান্ত এলাকা দিয়ে ভারত হতে অবৈধ অস্ত্রের চালান বাংলাদেশের অভ্যন্তরে প্রবেশ করবে।

এমন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটলিয়নের অধিনায়ক শাহ মোঃ ইশতিয়াক, পিএসসি’র সার্বিক দিক নির্দেশনায় ফুলবাড়ী সীমান্ত ফাঁড়ীর রাত্রীকালীন টহল কমান্ডার নায়েব সুবেদার মোঃ ফারুক হোসেন সঙ্গীয় টহলদল নিয়ে সীমান্ত পিলার ৮৬ হতে ৫০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে বেদেপোতা মাঠ নামক স্থানে এ্যাম্বুশ করে।

এসময় সীমান্ত পিলার ৮৬ এর নিকট দিয়ে ভারত হতে ২ জন ব্যক্তিকে মাথায় কার্টুন নিয়ে বাংলাদেশে প্রবেশ করতে দেখলে বিজিবি’র সশস্ত্র টহলদল চোরাকারবারীদেরকে ধাওয়া করে। ফলে চোরাকারবারীদের মাথায় থাকা কার্টুন ফেলে দৌড়ে ভূট্টা ক্ষেতের মধ্যে পালিয়ে যায়। পরবর্তীতে বিজিবি সশস্ত্র টহলদল ফেলে যাওয়া কার্টুন উদ্ধার করে এবং উদ্ধারকৃত ২টি কার্টুনের মধ্যে থেকে ৬টি অত্যাধুনিক ভারতীয় এয়ারগান আটক করতে সক্ষম হয়।

এ বিষয়ে দর্শনা থানায় অবৈধ অস্ত্র আইনে মামলা করে আটককৃত এয়ার গানগুলো জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

আলমডাঙ্গায় জামায়াতের ৩ কর্মী গ্রেফতার

আলমডাঙ্গায় নাশকতা মামলায় জামায়াতের ৩ নেতাকর্মীকে গ্রেফতার করেছে পুলিশ। গতকাল সোমবার রাতে থানা পুলিশ অভিযান চালিয়ে তাদের আটক করে।

আটকৃত ব্যাক্তিরা হলেন উপজেলার খেজুরতলা গ্রামের হেলাল উদ্দিনের ছেলে মাসুদ রানা (২৬), রেজাউল করিমের ছেলে বিপ্লব আলী (২৫) ও ঠান্ডু রহমানের ছেলে আশরাফুল ইসলাম (২৬)।

এ জাহার সূত্রে জানাযায়, গত ১৪ ডিসেম্বর রাতে সরকারি স্থাপনায় হামলার পরিকল্পনা সহ নিষিদ্ধ জামায়াতে ইসলামীর নেতাকর্মীরা অবস্থান করছিলো। এসময় আলমডাঙ্গা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে থানাপুলিশ একজনকে গ্রেফতার করে। এঘটনায় অজ্ঞাত ব্যাক্তিদের বিরুদ্ধে মামলা দায়ের করে পুলিশ।

ওই ঘটনায় গতকাল সোমবার রাতে আলমডাঙ্গা থানাপুলিশ অভিযান চালিয়ে জামায়াতের ৩ কর্মীকে গ্রেফতার করে। আজ মঙ্গলবার নাশকতা মামলায় তাদের জেল হাজতে প্রেরণ করা হয়।

জীবননগরে মুদি ব্যবসায়িকে ৩০ হাজার টাকা জরিমানা

জীবননগরে ক্ষতিকর রঙ মেশানো শিশু খাদ্য, মেয়াদ ও মূল্য বিহীন, নকল পন্য বিক্রির অপরাধে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর একটি প্রতিষ্ঠানকে ৩০হাজার টাকা জরিমানা করেছে। এবং জব্দকৃত নিম্ন মানের ভেজাল শিশু খাদ্য পুড়িয়ে ফেলা হয়।

মঙ্গলবার দুপুরে জীবননগর পৌর এলাকার মুক্তিযোদ্ধা মার্কেটে এ অভিযান পরিচালনা করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ বলেন, ক্ষতিকর রঙ মেশানো শিশু খাদ্য, মেয়াদ ও মূল্য বিহীন, নকল পন্য বিক্রি করছে জীবননগরে দোকানিরা। গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার দুপুরে জীবননগর পৌর এলাকার মুক্তিযোদ্ধা মার্কেটে মিজান স্টোরে অভিযান চালিয়ে ক্ষতিকর রঙ মেশানো শিশু খাদ্য ও প্রাণের নকল প্যাকেটে খাদ্য বিক্রির অপরাধে দোকানি মিজানুর রহমানকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।এবং আটককৃত মালামালাগুলো আগুন দিয়ে পুড়িয়ে ফেলা হয়।

অভিযানে উপস্থিত ছিলেন জীবননগর হাসপাতালের স্যানিটারি ইন্সপেক্টর আনিসুর রহমান ও জীবননগর থানা পুলিশের একটি দল।

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দার অভিযানে চোরাই মোটরসাইকেল সহ আটক ১

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক বিশেষ অভিযানে ০১ (এক) টি চোরাই মোটরসাইকেল উদ্ধার সহ সংঘবদ্ধ চোর চক্রের ০১ জনকে গ্রেফতার করা হয়েছে।

চুয়াডাঙ্গার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিকনির্দেশনায় চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দার অফিসার ইনচার্জ শেখ সফিকুর রহমানের নেতৃত্বে এসআই (নিঃ) মোঃ সাজ্জাদ হোসেন, এসআই (নিঃ) মোঃ শিহাব উদ্দিন, এএসআই (নিঃ) রমেন কুমার সরকার, এএসআই (নিঃ) বিজন কুমার ভট্টাচার্য, এএসআই (নিঃ) মোঃ আবেদুর রহমান, কং/৩১৪ মোঃ সাদ আহামেদ গোপন সংবাদের ভিত্তিতে বিশেষ অভিযান পরিচালনা করে মঙ্গলবার চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানাধীন আকন্দবাড়িয়া বটতলা বাজারের পুরাতন যাত্রী ছাউনির নিচে হতে ধৃত আসামী পারকৃষ্ণপুর গ্রামের মোঃ লিয়াকত আলী ছেলে সেলিম রেজা ঝন্টু (৩৮) গ্রেফতার করে পুলিশ।

এ সময় একটি লাল-কালো রংয়ের 125 CC, Discover চোরাই মোটরসাইকেল যার ইঞ্জিন নং-JZZWEE56066 এবং চ্যাসিস নং-MD2A15BZ5E99681 উদ্ধার করেন।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।